

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০১.৯৯.০২৮. ২৫০৪/১০

তারিখ: ২৫/০৮/২০২৪ খ্রি.


বিষয়: বন্যা দুর্গত এলাকার জনগণকে সহযোগিতার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের ০১ (এক) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ 'প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল' এ জমা প্রদান।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০. ০৬১.৯৯.০১৭. ১৭.১৯১, তারিখ: ২৫/০৮/২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের চট্টগ্রাম ও সিলেট বিভাগের বিভিন্ন জেলার বন্যাপিড়িত মানুষদেরকে সহযোগিতার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের ০১ (এক) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ জরুরীভিত্তিতে 'প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল'- এ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

বর্ণিতাবস্থায়, এ অধিদপ্তরের আওতাধীন দপ্তর/সরকারি এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণের ০১ (এক) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট দপ্তর/প্রতিষ্ঠানভিত্তিক সংগৃহীত অর্থ নিম্নোক্ত ব্যাংক হিসাব-এ জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

হিসাবের নাম: 'প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল'
ব্যাংক: সোনালী ব্যাংক কর্পোরেট শাখা, প্রধান উপদেষ্টার কার্যালয়
হিসাব নম্বর: ০১০৭৩৩৩০০৪০৯৩


(বিপুল চন্দ্র বিশ্বাস)
উপ-পরিচালক (সাঃ প্রঃ)
শিক্ষা ভবন, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (সকল);
২. প্রকল্প পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (সকল);
৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/পরিচালক, এইচএসটিটিআই (সকল);
৪. অধ্যক্ষ, সরকারি কলেজ (সকল)/সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল);
৫. অধ্যক্ষ, বে-সরকারি কলেজ (সকল);
৬. উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
৭. প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
৮. জেলা শিক্ষা অফিসার (সকল); (উপজেলাসমূহের জমাকৃত রশিদ সংগ্রহপূর্বক একটি সম্মিলিত প্রতিবেদন পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় বরাবর জমা দিবেন)
৯. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল); (প্রতিষ্ঠানসমূহের জমাকৃত রশিদ সংগ্রহপূর্বক একটি সম্মিলিত প্রতিবেদন জেলা শিক্ষা অফিসার বরাবর জমা দিবেন)
১০. প্রধান শিক্ষক, বেসরকারি বিদ্যালয় (সকল)। (জমাকৃত রশিদ এর অনুলিপি উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর জমা দিবেন)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৩. সংরক্ষণ নথি।